

বাহামায় সম্মেলনে শিক্ষামন্ত্রী
প্রাথমিক ও মাধ্যমিক
শিক্ষায় দ. এশিয়ায়
দ্বিতীয় বাংলাদেশ

কালের কণ্ঠ ডেস্ক >

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষায় ছাত্রছাত্রীদের সংখ্যাসমতার দিক দিয়ে দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে বাংলাদেশের অবস্থান দ্বিতীয়। স্বল্পোন্নত দেশের ক্ষেত্রে এটি বিরল অর্জন। তিনি বলেন, বাংলাদেশ প্রাথমিক ও গণশিক্ষায়ও উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে।

বাহামার রাজধানী নাসাউতে গতকাল কমনওয়েলথভুক্ত দেশগুলোর শিক্ষামন্ত্রীদের ১৯তম সম্মেলনে এশীয় প্রশান্ত মহাসাগরীয় এবং ইউরোপীয় অঞ্চলের মন্ত্রীদের ককাস সভায় সভাপতির বক্তব্যে নূরুল ইসলাম নাহিদ দেশের শিক্ষার উন্নয়নের চিত্র তুলে ধরে এসব কথা বলেন। ২৬ জুন পর্যন্ত এ সম্মেলন চলবে।